গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বাজিতপুর, কিশোরগঞ্জ
www.bajitpur.kishoreganj.gov.bd

স্মারক নং- ০৫.১২.৪৮০৬.০০১.০৩.০১০.১৫-১০৩(১৫০) তারিখ : ০৪.০২.২০১৯ খ্রিস্টাব্দ

"হাট-বাজার ইজারা বিজ্ঞপ্তি"

স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এর স্মারক নং- ৪৬.০৪১.০৩০.০২.০০.০০২.২০১১.৮৭০, তারিখ : ২১.০৯.২০১১ খ্রিস্টাব্দ মূলে হাট-বাজার ইজারা সংক্রান্ত নীতিমালার আলোকে বাজিতপুর উপজেলাধীন নিম্নেবর্ণিত হাট-বাজারসমূহ বাংলা ১৪২৬ সনের ০১ বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত ০১ (এক) বৎসর মেয়াদে ইজারা প্রদানের নিমিত্ত আগ্রহী প্রতিষ্ঠান/ব্যক্তিগণের নিকট থেকে নিম্নেবর্ণিত শর্তে নির্ধারিত সিডিউলে সীলমোহরযুক্ত দরপত্র আহ্বান করা যাচ্ছে। শর্তাবলী সম্বলিত দরপত্র সিডিউল দাখিলের পূর্বদিন পর্যন্ত অফিস চলাকালীন সময়ে নিম্নোক্ত বাজারের পার্শ্বে বর্ণিত টাকায় অফেরতযোগ্য নগদ মূল্যে বিজ্ঞপ্তি প্রকাশের দিন থেকেই (০১) জেলা প্রশাসকের কার্যালয় (এলজি শাখা), কিশোরগঞ্জ, (০২) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বাজিতপুর, (০৩) সহকারী কমিশনার (ভূমি), বাজিতপুর, (০৪) অফিসার ইনচার্জ, বাজিতপুর থানা ও (০৫) সোনালী ব্যাংক লিমিটেড, বাজিতপুর শাখা থেকে ক্রয় করা যাবে। ক্রয়কৃত দরপত্রসমূহ আগামী ১৮.০২.২০১৯ খ্রিস্টাব্দ তারিখ সকাল ৯.০০ টা থেকে বেলা ১.০০ টা পর্যন্ত (০১) জেলা প্রশাসকের কার্যালয় (এলজি শাখা), কিশোরগঞ্জ, (০২) পুলিশ সুপারের কার্যালয়, কিশোরগঞ্জ (০৩) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বাজিতপুর ও (০৪) সহকারী কমিশনার (ভূমি), বাজিতপুর এর কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে দাখিল করা যাবে এবং উক্ত তারিখেই বেলা ৩.০০ ঘটিকায় দরপত্র দাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হবে।

উক্ত তারিখে প্রাপ্ত দরপত্রসমূহ যদি কাঙ্খিত ইজারা মূল্যের না হয় বা কোন কারণে দরপত্র বাতিল হয়ে যায় তা হলে পরবর্তীতে কোন বিজ্ঞপ্তি প্রদান ব্যতিরেখেই আগামী ২৭.০২.২০১৯ খ্রিস্টাব্দ তারিখ ২য় পর্যায়, ০৭.০৩.২০১৯ খ্রিস্টাব্দ তারিখ ৩য় পর্যায়, ১৪.০৩.২০১৯ খ্রিস্টাব্দ তারিখ ৪র্থ পর্যায় এবং ২৪.০৩.২০১৯ খ্রিস্টাব্দ তারিখ ৫ম পর্যায়ে উপরোক্ত অফিসসমূহে পূর্বোক্ত নিয়মে দরপত্র সিডিউল ক্রয় এবং দরপত্র দাখিল করা যাবে।

"হাট-বাজারের বিবরণ"

ক্রঃ নং	হাট-বাজারের নাম	ইউনিয়নের নাম	বাংলা ১৪২৬ সনের কাঙ্খিত সরকারি মূল্য	সিডিউলের মূল্য
০১	সরারচর বাজার	সরারচর	৩৬,৯৪,৭৩৬/-	৮,০০০/-
০২	পিরিজপুর বাজার	পিরিজপুর	১৬,৯৮,৮৬২/-	৪,০০০/-
০৩	হিলচিয়া বাজার	হিলচিয়া	৫,৯৯,৩৬০/-	১,৮০০/-
০৪	পাটুলী বাজার	দিঘীরপাড়	৭৯,৫৮৮/-	৫০০/-
০৫	দিলালপুর বাজার	দিলালপুর	৫৭,৯১৩/-	৫০০/-
০৬	বাবুর বাজার	বলিয়ারদি	১,০০০/-	৫০০/-

শর্তাবলী

১। বাংলা ১৪২৬ সনের ১লা বৈশাখ হতে ১৪২৬ সনের ৩০শে চৈত্র ০১ (এক) বৎসর মেয়াদকালের জন্য হাট-বাজার ইজারা দেওয়া হবে।

২। দরপত্রদাতাকে দরপত্রের সহিত দরপত্রে উল্লিখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসাবে যেকোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, বাজিতপুর এর অনুকূলে জমা দিতে হবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসাবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিষ্কার না করলে বা অন্য কোন ক্ষতিসাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। বৎসর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবরে প্রত্যার্পণ করা হবে।

৩। যার দরপত্র গৃহীত হবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লিখিত দরের অবশিষ্ট ৭৫% (শতকরা ৭৫ ভাগ) অর্থ মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ৫% আয়কর এবং ১৫% ভ্যাট অবশ্যই একই সঙ্গে পরিশোধ করতে হবে, অন্যথায় বাজারের জন্য জমাকৃত জামানত বাজেয়াপ্তপূর্বক পুণরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

৪। প্রাপ্ত দরপত্রসমূহের মধ্যে সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের সরকারি মূল্যের কম হয় তা হলে পুনরায় দরপত্র আহবান করা হবে।

৫। এক হাট-বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র অন্য হাট-বাজারের জন্য দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় আহবানকৃত হাট বাজারের দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না।

৬। খামের উপর দরপত্র দাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

৭। সরকার অনুমোদিত টোল আদায়ের হার মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে বাজারে দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট টাঙ্গিয়ে প্রচার করবেন।

৮। প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

(চলমান ২য় পৃষ্ঠায়)

৯। ইজারাদার কোনক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব-লিজ দিতে পারবেন না। যদি অনুরূপ কোন প্রকার কার্যকলাপ পরিলক্ষিত হয় অথবা চুক্তিপত্রের শর্ত লংঘন করা হয় তা হলে ইজারা বাতিল বলে গণ্য হবে।

১০। ইজারার সমস্ত অর্থ (ভ্যাট, আয়করসহ) পরিশোধের ৩ (তিন) কার্যদিবসের মধ্যে ২৫০/- (দুইশত পঞ্চাশ) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।

১১। দুই বা ততোধিক দরপত্রদাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১২। ইজারাদার নিজ খরচে বাজার পরিষ্কার-পরিচ্ছন্ন রাখবেন।

১৩। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষন করবেন।

১৪। কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না।

১৫। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলিয়া গণ্য হবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকী জমাকৃত অর্থ ইজারাদারকে প্রদান করা হবে।

১৬। হাট-বাজারের ইজারার টাকা সরকারি দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাবে।

১৭। চুক্তিপত্রের যে কোন শর্ত লংঘন করা হলে ইজারা বাতিল করা হবে।

১৮। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

০৪/০২/১৯

(মোঃ যুবায়ের)
উপজেলা নির্বাহী অফিসার
বাজিতপুর, কিশোরগঞ্জ
টেলিফোন : ০৯৪২৩-৬৪২৪৪
ইমেইল : unobajitpur@mopa.gov.bd

স্মারক নং- ০৫.১২.৪৮০৬.০০১.০৩.০১০.১৫-১০৩(১৫০) তারিখ : ০৪.০২.২০১৯ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে :-

০১. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. জেলা প্রশাসক, কিশোরগঞ্জ।
০৩. পুলিশ সুপার, কিশোরগঞ্জ।
০৪. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, কিশোরগঞ্জ।
০৫. উপপরিচালক (উপসচিব), স্থানীয় সরকার, কিশোরগঞ্জ।
০৬. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/রাজস্ব), কিশোরগঞ্জ।
০৭. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাজিতপুর, কিশোরগঞ্জ।
০৮. উপজেলা নির্বাহী অফিসার, ..., কিশোরগঞ্জ। অবগতি ও বিজ্ঞপ্তিটি তাঁর কার্যালয়ের নোটিশ বোর্ডে টানিয়ে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য তাঁকে অনুরোধ করা হলো ।
০৯. মেয়র, বাজিতপুর পৌরসভা।
১০. রেভিনিউ ডেপুটি কালেক্টর, কিশোরগঞ্জ।
১১. সহকারী কমিশনার (ভূমি), বাজিতপুর, কিশোরগঞ্জ।
} তাঁকে প্রেরিত সিডিউল বিজ্ঞপ্তি মোতাবেক আগ্রহী ক্রেতার নিকট বিক্রিসহ বর্ণিত তারিখে দরপত্র বাক্স স্থাপনের জন্য এবং প্রাপ্ত দরপত্রসমূহ উক্ত তারিখেই নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে প্রেরনের জন্য অনুরোধ করা হলো।
১২. উপজেলা... কর্মকর্তা, বাজিতপুর, কিশোরগঞ্জ (সকল)। অবগতি ও তাঁর কার্যালয়ে বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে টানিয়ে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের তাঁকে জন্য অনুরোধ করা হলো।
১৩. অফিসার ইনচার্জ, বাজিতপুর থানা।
১৪. ব্যবস্থাপক, সোনালী ব্যাংক, বাজিতপুর শাখা।
} দরপত্র বিজ্ঞপ্তিতে উল্লিখিত বাজারের জন্য বর্ণিত হারে নির্ধারিত তারিখের পূর্ব দিন পর্যন্ত সিডিউল বিক্রির জন্য অনুরোধ করা হলো।
১৫. বিজ্ঞাপন ব্যবস্থাপক, দৈনিক ভোরের পাতা, ৯৩ কাজী নজরুল ইসলাম এভিনিউ, কাওরান বাজার, ঢাকা-১২০৮। তাঁকে বিজ্ঞপ্তি আগামী ০৭.০২.২০১৯ খ্রি. তারিখের মধ্যে ০১ (এক) দিন প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।
১৬. সম্পাদক, দৈনিক আমার বাংলাদেশ, কিশোরগঞ্জ। তাঁকে বিজ্ঞপ্তি আগামী ০৭.০২.২০১৯ খ্রি. তারিখের মধ্যে ০১ (এক) দিন প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।
১৭. চেয়ারম্যান/সচিব, ... ইউনিয়ন পরিষদ (সকল)। তাঁর ইউনিয়নাধীন হাট-বাজার, ভূমি অফিস, স্বাস্থ্য কেন্দ্র ও ইউপি কার্যালয়ের নোটিশ বোর্ডে টানিয়ে এবং মাইক/ঢোল সহরতের মাধ্যমে দরপত্র বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১৮. ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ... ইউনিয়ন ভূমি অফিস, বাজিতপুর। তার অফিসের নোটিশ বোর্ডে উক্ত বিজ্ঞপ্তিটি টানিয়ে তহশীলের আওতাধীন হাটবাজার সমুহে ঢোল সহরতের মাধ্যমে ব্যাপকভাবে প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১৯. সভাপতি/সম্পাদক, ... বাজার বণিক সমিতি, বাজিতপুর, কিশোরগঞ্জ।
২০. জনাব ...., ইজারাদার, ... বাজার, বাজিতপুর, কিশোরগঞ্জ।
২১. ....

০৪/০২/১৯

উপজেলা নির্বাহী অফিসার
বাজিতপুর, কিশোরগঞ্জ